**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড**
**জনপ্রশাসন মন্ত্রণালয়**
১ম ১২তলা সরকারি অফিস ভবন (১১তলা)
সেগুনবাগিচা, ঢাকা।
www.bkkb.gov.bd

**বিষয় : বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ইনোভেশন টিমের ১১/১১/২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী**

সভাপতি : এ কে এম ফজলুজ্জোহা,
পরিচালক (প্রশাসন) ও ইনোভেশন অফিসার।
স্থান : সভাকক্ষ, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
সময় : ১১ নভেম্বর ২০২১, বেলা - ১১.০০ টা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট -'ক' তে দেখানো হলো।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের প্রোগ্রামার সভার আলোচ্যসূচি পর্যায়ক্রমে উপস্থাপন করেন। তিনি সভায় ২০২১-২২ অর্থবছরের ইনোভেশন কর্মপরিকল্পনার প্রতিটি বিষয় সম্পর্কে অবহিত করেন। প্রধান কার্যালয় ও বিভাগীয় কার্যালয়সমূহ থেকে প্রাপ্ত উদ্ভাবনী ধারণা/উদ্যোগের তালিকা উপস্থাপন করেন। প্রাপ্ত উদ্ভাবনী ধারণা/উদ্যোগসমূহ এবং সেবা সহজিকরণ বিষয়ে সভায় বিষদ আলোচনা ও পর্যালোচনা করা হয়। আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

১। প্রধান কার্যালয় ও বিভাগীয় কার্যালয়সমূহের ২০২১-২০২২ অর্থবছরের জন্য উদ্ভাবনী ধারণা/উদ্যোগের মনোনয়ন:

| নং | মনোনীত উদ্ভাবনী ধারণা/উদ্যোগের নাম | উদ্ভাবনী ধারণা/উদ্যোগের বিবরণ | বাস্তবায়নকারী অফিস |
|---|---|---|---|
| I. | বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা-কর্মচারীগণকে পে-ফিক্সেশন ভেরিফিকেশন নম্বর দিয়ে ভেরিফাই করা। | তালিকাভুক্ত স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা-কর্মচারীগণের তথ্যাদি অর্থ মন্ত্রণালয়ের ibass++ এ অন্তর্ভুক্তির মাধ্যমে কর্মচারীগণকে সনাক্তকরণ। | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয় ঢাকা। |
| II. | অনলাইনে সেবা গ্রহণের ক্ষেত্রে রেজিস্ট্রেশন করার সময় কর্মচারীর প্রয়োজনীয় তথ্য ibas++ এর মাধ্যমে কল্যাণ বোর্ডের সফটওয়্যারে স্বয়ংক্রিয়ভাবে পূরণ। | আবেদনকারী কর্মচারী অনলাইনে কল্যাণ বোর্ডের সেবা গ্রহণের ক্ষেত্রে কর্মচারীর প্রয়োজনীয় তথ্য ibas++ এর মাধ্যমে (API লিংকের সাহায্যে) কল্যাণ বোর্ডের সফটওয়্যারে স্বয়ংক্রিয়ভাবে পূরণ হবে। | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয় ঢাকা। |
| III. | প্রধান কার্যালয়ের মতিঝিল মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টার এবং বিভাগীয় কার্যালয়সমূহের কমিউনিটি সেন্টারগুলো ব্যবহারের জন্য অনলাইন আবেদন ব্যবস্থাপনা চালু। | প্রধান কার্যালয়ের মতিঝিল মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র কাম কমিউনিটি সেন্টার এবং বিভাগীয় কার্যালয়সমূহের কমিউনিটি সেন্টারগুলো ব্যবহারের জন্য অনলাইনে আবেদন ফরম পূরণ করে দাখিল করার ব্যবস্থা করা। | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয় ঢাকা। |
| IV. | কল্যাণ বোর্ডের বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ এর সিটিজেন চার্টার ডিজিটাল বোর্ডে প্রদর্শন। | কল্যাণ বোর্ডের বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ এর সিটিজেন চার্টার ডিজিটাল বোর্ডে প্রদর্শন। | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ। |

| নং | মনোনীত উদ্ভাবনী ধারণা/উদ্যোগের নাম | উদ্ভাবনী ধারণা/উদ্যোগের বিবরণ | বাস্তবায়নকারী অফিস |
|---|---|---|---|
| V. | চট্টগ্রাম বিভাগীয় অফিসে ফ্রন্ট ডেস্ক স্থাপন, নাগরিক সনদ (Citizen Charter) স্থাপনের ক্ষেত্রে সেবাপ্রার্থীগণের সহজে পড়ার জন্য পর্যাপ্ত লাইটিং এর ব্যবস্থা এবং গ্রীন অফিস চালু। | বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম, অফিসের সেবাপ্রার্থীদের জন্য তথ্য প্রদানের লক্ষ্যে ফ্রন্ট ডেস্ক স্থাপন। নাগরিক সনদ (Citizen Charter) স্থাপনের ক্ষেত্রে সেবাপ্রার্থীগণ খুব সহজে তথ্যাদি জানতে পারে ও পড়তে পারে সেজন্য পর্যাপ্ত লাইটিং এর ব্যবস্থা করা।<br>এছাড়া গ্রীন অফিস চালুর জন্য অফিসের বারান্দা, অফিস কক্ষের মধ্যে সবুজাভ চত্বর নির্মাণ, বিশেষ করে সিজনাল ফুলের চাষ করে ফুলের টবে রেখে অফিসকে নতুন রুপ প্রদান। | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম। |

২। প্রধান কার্যালয় ও বিভাগীয় কার্যালয়সমূহের ২০২১-২০২২ অর্থবছরের জন্য সেবা সহজিকরণ উদ্যোগ:

| নং | সেবা সহজিকরণের জন্য মনোনীত বিষয় | বাস্তবায়নকারী অফিস/শাখা |
|---|---|---|
| I. | সরকারি কর্মকর্তা-কর্মচারীদের ক্লাব/কমিউনিটি সেন্টারের ঘর নির্মাণ/সম্প্রসারণ এবং সরকারি কর্মকর্তা-কর্মচারীদের দ্বারা গঠিত ও পরিচালিত কমিউনিটি সেন্টার, ব/সমিতি/এসোসিয়েশন কে বার্ষিক অনুদান প্রদান সংক্রান্ত ফরম (ফরম নং- ১২ ও ১৩) সহজিকরণ। | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, ঢাকা। |
| II. | মহিলাদের কারিগরি প্রশিক্ষণে ভর্তির আবেদন ফরম সহজিকরণ। | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, গবেষণা শাখা। |
| III. | কল্যাণ/যৌথবীমা/দাফন অনুদানের ভাতা উত্তোলনের ক্ষেত্রে ক্ষমতাপত্র এর একটি নমুনা ফরম উন্নয়ন। | বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, বরিশাল। |

৩। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সম্ভাব্য সকল সেবাসমূহের জন্য একটি সমন্বিত সফটওয়্যার প্রণয়ন করা যেতে পারে। এজন্য requirement analysis এবং সার্ভিস প্রকিউরমেন্ট এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আলোচনায় অংশগ্রহণ করার জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৫.১১.২০২১

(এ কে এম ফজলুজ্জোহা)
পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।

নম্বর: ০৫.৮১.০০০০.০০৫.৩১.০০৫.১৩.খন্ড-৩. ৭০৬ তারিখ: ১৮/১১/২০২১

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয় (ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর)
২. উপপরিচালক(প্রশাসন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. উপপরিচালক(উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. উপপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড,বিভাগীয় কার্যালয় ময়মনসিংহ।
৫. প্রোগ্রামার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. মহাপরিচালকের একান্ত সচিব, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য)।
৭. সহকারী পরিচালক(প্রশাসন)/ সহকারী পরিচালক(কর্মসূচি), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
৮. সহকারী প্রোগ্রামার-১/সহকারী প্রোগ্রামার-২, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. সহকারী পরিচালক(চিকিৎসা সেবা)/(কল্যাণ), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. হিসাবরক্ষণ কর্মকর্তা (গ্রেড-২), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
১১. পরিচালক (প্রশাসন) এর ব্যক্তিগত সহকারী (পরিচালক (প্রশাসন) মহোদয়ের অবগতির জন্য)।
১২. অফিস কপি।

১৮/১১/২০২১
(আছফিয়া মেহবুবা)
প্রোগ্রামার
ফোনঃ ২২২২২৬৮৩